সাংবাদিক হাবিবেব উপর হামলার ৮দিন পার, অপরাধীরা অধরা

দামুড়হুদা প্রেস ক্লাবের যুগ্ম-সম্পাদক হাবিবুর রহমান হাবিবের উপর অতর্কিত সন্ত্রাসী হামলার ঘটনার ৮দিন পার হলেও এখনও অপরাধীরা ধরাছোঁয়ার বাইেও রয়েছে।

হামলার দিন দামুড়হুদা মডেল থানায় লিখিত অভিযোগ দায়ের করলেও এখনো পর্যন্ত অপরাধীদের বিরুদ্ধে নেওয়া হয়নি কোনো আইনি ব্যবস্থা! এ ঘটনায় সাংবাদিক মহলে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে।

জানা যায়, গত ৫ডিসেম্বর দামুড়হদা প্রেস ক্লাবের নব-নির্বাচিত কমিটির সভাপতি এম.নুরুন্নবী, সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুলসহ নেতৃবৃন্দ প্রেস ক্লাবের সদস্যদের সাথে সৌজন্য সাক্ষাত করতে যায়। এসময় প্রেস ক্লাবের সদস্য সালাউদ্দিনের সাথে দেখা করতে যায়। এসময় প্রেস ক্লাবের যগ্ম-সম্পাদক হাবিবুর রহমান হাবিব স্থানীয় এক সাংবাদিকের সাথে দেখা হলে কথা বলতে থাকে।

যুগ্ম-সম্পাদক হাবিবুর রহমান হাবিব ও স্থানীয় ঐ সাংবাদিক কার্পাসডাঙ্গা বাজার মোড়ে সিদ্ধ ছোলা খাচ্ছিলো, সে সময় কার্পাসডাঙ্গা ইউনিয়নের কোমরপুর গ্রামের সুকলালের ছেলে সোহাগ ও বিল্লালের ছেলে বখতিয়ার রহমান বকুল কাঠের হকস্ট্রিক দিয়ে হামলা চালায় হাবিবের উপর।

এঘটনায় গুরুত্বর জখম হয় হাবিবুর রহমান হাবিব। পরে প্রেস ক্লাব নেতৃবৃন্দ হাবিব কে গুরুত্বর জখম অবস্থায় উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে প্রাথমিক চিকিৎসা দিয়ে ঐ রাতেই হাবিব বাদি হয়ে দামুড়হুদা মডেল থানায় একটি লিখিত অভিযোগ করে । তবে এ ঘটনায় একটি চক্র অর্থের বিনিময়ে বিষয়টি ধামাচাপা দিতে মরিয়া হয়ে উঠেছে।

এ বিষয়ে দামুড়হুদা প্রেস ক্লাবের নব-নির্বাচিত সভাপতি এম নুরুন্নবী বলেন, আমরা নব-নির্বাচিত কমিটির নেতৃবৃন্দ কার্পাসডাঙ্গার সদস্যদের সাথে সৌজন্য সাক্ষাত করতে যায় ।

এসময় কোমরপুর গ্রামের সুকলালের ছেলে সোহাগ ও বিল্লালের ছেলে বখতিয়ার রহমান বকুল হাবিরের উপর অতর্কিত হামলা চালায়।

ঐদিন রাতেই দামুড়হদা মডেল থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করা হয়। তবে দুঃখজনক হলেও সত্য যে অজানা কারণে একনো পর্যন্ত মামলাটি রেকর্ড হয়নি।

তাই আজ রোববার দামুড়হদা প্রেস ক্লাবের জরুরি বৈঠক ডাকা হয়েছে। জরুরি বৈঠক শেষে আমরা কর্মসূচি দেবো। এ বিষয়ে দামুড়হদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি আব্দুল খালেক বলেন, এটি মামলা হওয়ার মতো বিষয় না ।

ওদের একে অপরের ব্যক্তিগত কোনো ঝামেলার জন্য হয়তো হাবিব কে মারপিট করেছে। তবে আমরা বিষয়টি ততটা পরিষ্কার না।

কালীগঞ্জে অসহায়দের মাঝে কম্বল বিতরণ

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার অসহায়, দরিদ্র, শীতার্তদের মাঝে কম্বল বিতরণের উদ্দেশ্যে উপজেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের নিকট কম্বল হস্তান্তর করেন ঝিনাইদহ ৪ আসনের সংসদ সদস্য মোঃ আনোয়ারুল আজীম (আনার)।

গতকাল শনিবার রাতে উপজেলা পরিষদ চত্বরে কালীগঞ্জ উপজেলার সকল ইউপি চেয়ারম্যানের উপস্থিতিতে দরিদ্র, অসহায় মানুষদের জন্য বরাদ্দকৃত কম্বল হস্তান্তর করেন।

এসময় সেখানে উপস্থিত ছিলেন, কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার সূবর্ণা রানী সাহা, কালীগঞ্জ উপজেলা ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী সহ অনান্যরা উপস্থিত ছিলেন।

এম পি আনার বলেন, শেখ হাসিনার নেতৃত্বে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ, এই শীতে কোনো মানুষ যেনো কষ্টে না থাকে তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন বলে জানান তিনি।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এ বিষয়ে কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার সুবর্ণা রানী সাহার কাছে জানতে চাইলে তিনি জানান, সকল ভাটা মালিক কে পরিবেশ বান্ধব ইট ভাটা ব্যবহার করার জন্য বলা হয়েছে। তিনি মেসার্স জে কে ইট ভাটা সম্পর্কে অবগত নন। তিনি তদন্ত করে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন বলে জানান।

যৌতুক না দেয়ায় শ্বশুর-শাশুড়ি ও স্ত্রীকে পেটালেন হুজুর

ঝিনাইদহের শৈলকুপায় এক হুজুরকে যৌতুকবাবদ গাড়ি কিনে না দেওয়ায় স্ত্রী, শ্বশুর ও শাশুড়িকে পিটিয়েছেন। ঘটনাটি ঘটেছে গত শুক্রবার।

জানা যায়, শৈলকুপার হাকিমপুর গ্রামের খলিলুর রহমানের ছেলে মওলানা মাহফুজুর রহমান হাকিমপুরী ২য় বিয়ে করেন শান্তিডাংগা গ্রামের আজিজুর রহমানের কন্যা হাফেজা ফাতেমা তাসলিমকে। সে শেখপাড়া বাস স্ট্যান্ড জামে মসজিদের ইমাম। সে ইমামতি পেশার সাথে বিভিন্ন এলাকায় ওয়াজ নসিয়ত করে বেড়ায়।

যার জন্য গাড়ি কেনার প্রয়োজন দেখা দেওয়ায় শ্বশুরের কাছে ২০ লক্ষ টাকা যৌতুক দাবী করে, শ্বশুর আজিবর রহমান এই টাকা দিতে ব্যর্থ হওয়ায় সে ক্ষিপ্ত হয়ে স্ত্রী, শ্বশুর ও শাশুড়িকে বেধড়ক পেটান।

বর্তমানে তারা শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হয়ে আছেন। শ্বশুর আজিবর রহমান বলেন, সে প্রায়ই আমার কাছে গাড়ি কেনাবাবদ ২০ লক্ষ টাকা যৌতুক দাবী করে আসছিল। কিন্তু আমি গরীব মানুষ হওয়ায় টাকা দিতে পারিনি।

এত টাকা আমি কোথায় পাবো। মওলানা মাহফুজুর রহমান বলেন, রাগের মাথায় আমি মারপিট করেছি, আমার ভুল হয়ে গেছে, আমাকে ক্ষমা করে দেন। এব্যাপারে শৈলকুপা থানার ওসি জাহাঙ্গীর আলম বলেন, অভিযোগ পেয়েছি, বিষয়টি তদন্তপূর্বক ব্যবস্থা নেয়া হবে।

উল্লেখ্য তার ১ম স্ত্রীর সাথে যৌতুকের কারণে কোর্টে মামলা

কোটচাঁদপুরে সড়ক দুর্ঘটনায় প্রাণ গেল বৃদ্ধের

ঝিনাইদহের কোটচাঁদপুরে প্রাইভেট কারের ধাক্কায় রিয়াজুল ইসলাম
(৬৫) নামের এ বৃদ্ধের মৃত্যু হয়েছে। গতকাল শুক্রবার সকালে কোটচাঁদপুর-জীবননগর সড়কের কাটাখালি নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। নিহত রিয়াজুল উপজেলার কাগমারী গ্রামের মৃত জাবেদ আলীর ছেলে।

স্থানীয় সূত্রে জানাযায়, রিয়াজুল ইসলামের স্ত্রী বেশ কিছুদিন যাবৎ অসুস্থ। গতকাল শুক্রবার সকালে ডাক্তারের নিকট যাওয়ার জন্য বাড়ি থেকে নৌকা যোগে বের হয়ে কাটাখালি গিয়ে ওঠেন।

এরপর রাস্তা পার হওয়ার সময় পিছন দিক থেকে একটি প্রাইভেট কার সজোরে ধাক্কা দেয়। এ সময় স্থানীয়রা গুরুতর আহত রিয়াজুলকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেকে নিয়ে আসেন। পরে অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক তাকে রেফার্ড করেন। এরপরই তার মৃত্যু হয়।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, জানান, দুর্ঘটনায় আহত বৃদ্ধার হাসপাতালে নেওয়ার পর মৃত্যু হয়। কোন অভিযোগ না থাকায় নিহতের লাশ স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে।

গায়ে রং লাগিয়ে বিদেশি মুরগির

বাচ্চা বানানোর অভিযোগ

ঝিনাইদহের কালীগঞ্জে পোল্ট্রি মুরগির বাচ্চরা গায়ে বিভিন্ন রং করে বিদেশি উন্নত জাতের বাচ্চা বলে প্রতারণার মাধ্যমে বেশি দামে বিক্রির অপরাধে রুবেল হোসেন (২০) নামে এক প্রতারক কে আটক করেছে পুলিশ।

গতকাল শুক্রবার দুপুর দুইটার দিকে কালীগঞ্জ কালীবাড়ির মোড় থেকে তাকে আটক করা হয়। আটক রুবেল নরসিংদি জেলার রায়পুরা থানার সদরকান্দী গ্রামের সিরাজ মিয়ার ছেলে।

জানা গেছে, প্রতারক রুবেল সকাল থেকে প্রায় ৩শ পোল্ট্রির বাচ্চা বিক্রি করে। গ্রাম থেকে বাজারে আশা সহজ সরল মানুষ গুলি তার প্রতারণার শিকার হন।

প্রতারক রুবেল ইন্টারনেট থেকে বিভিন্ন উন্নত জাতের রং বে রং এর মুরগির ছবি দেখিয়ে ক্রেতাদের আকৃষ্ট করতো । তার এই ছবি দেখে সাধারন মানুষ আকৃষ্ট হয়ে বেশি দামে এই পোল্ট্রির মুরগির বাচ্চা কিনে প্রতারণার শিকার হন।

কালীগঞ্জ থানা অফিসার ইনচার্জ (ওসি) মাহফুজুর রহমান মিয়া জানান, প্রতারণার মাধ্যমে বিভিন্ন রং করে বাচ্চা বিক্রি করছে এমন সংবাদ পেয়ে রুবেল নামের এক জনকে আটক করা হয়েছে। তদন্তের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঝিনাইদহে যুবলীগের প্রেসিডিয়াম সদস্যকে সংবর্ধনা

ঝিনাইদহে যুবলীগের প্রেসিডিয়াম সদস্যের আগমন উপলক্ষে জেলা যুবলীগের পক্ষ থেকে সংবর্ধনা জানানো হয়। গতকাল শুক্রবার দুপুরে যুবলীগ নেতা বাসের আলম সিদ্দীকির নেতৃত্বে সদর উপজেলার হাটগোপালপুর এলাকা থেকে প্রেসিডিয়াম সদস্য ও তার সফর সঙ্গীদের

কয়েক হাজার মোটর সাইকেল শোভাযাত্রার মাধ্যমে অভ্যার্থনা জানানো হয়।

প্রথমেই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষে কেন্দ্রীয় যুবলীগের প্রেসিডিয়াম সদস্য আবু আহমেদ নাসিম (পাভেল) ঝিনাইদহে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করেন।

পরে যুবলীগের আয়োজনে শহরের মুজিব চত্বরে সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়। সেখানে যুবলীগের প্রেসিডিয়াম সদস্য আবু আহমেদ নাসিম (পাভেল), জেলা যুবলীগের আহবায়ক আশফাক মাহমুদ জন, যুবলীগ নেতা বাসের আলম সিদ্দিকী, সদর থানা যুবলীগের আহবায়ক শাহ্ মোহাম্মদ ইব্রাহীম খলিল রাজাসহ নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।

এসময় বক্তারা বিজয়ের মাসে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও যুবলীগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান শেখ ফজলুল হক মনি’র আদর্শ বুকে লালন করে যুবলীগকে সুসংগঠিত করে দেশকে আরও একধাপ এগিয়ে নেওয়ার জন্য দলীয় নেতাকর্মীদের প্রতি আহবান জানান।

শৈলকুপায় ফ্রি মেডিক্যাল ক্যাম্প

ঝিনাইদহের শৈলকুপায় গতকাল শুক্রবার দিন ব্যাপী ফ্রি মেডিক্যাল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। জেলা মেডিক্যাল স্টুডেন্টস এ্যাসোসিয়েশন শৈলকুপা শাখার উদ্যোগে এই ক্যাম্পে রোগীদের হেলথ চেকআপ ও বিনামূল্যে মেডিসিন প্রদান করা হয় ।

গতকাল শুক্রবার শৈলকুপার মনোহরপুর গ্রামে কবি গোলাম মোস্তফার বাসভবন প্রাঙ্গণে এ ক্যাম্পে শত শত নারী-পুরুষদের চিকিৎসা সেবা ও মেডিসিন দেয়া হয় ।

এসময় শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্সের ডাক্তার আব্দুল্লাহ আল মামুন, ডাঃ আকাশ ও মেডিকেল শিক্ষার্থীসহ অন্যান্য ডাক্তারবৃন্দ, বিভিন্ন জায়গা থেকে আসা রোগীদের স্বাস্থ্য সেবা প্রদান করেন।

এ সময় উপস্থিত ছিলেন এসিল্যান্ড পার্থ প্রতিমশীল, উপজেলা পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিলুফা ইয়াসমিন, উপজেলা ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবি কালুসহ অন্যান্য অতিথিবৃন্দ। বিনামূল্যে মেডিসিন সরবরাহ করেন র্যাম ফার্মাসিউটিক্যালের জোনাল ম্যানেজার আঃ জাব্বার।

এ রকম একটি উদ্যোগকে সাধুবাদ জানিয়েছে এলাকাবাসিসহ বিভিন্ন জায়গা থেকে আসা রোগীরা।

ঝিনাইদহে হাম-রুবেলা ক্যাম্পেইন উপলক্ষে সংবাদ সম্মেলন

ঝিনাইদহ স্বাস্থ্য বিভাগের উদ্যোগে হাম-রুবেলা ক্যাম্পেইন ২০২০ উপলক্ষে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকালে ঝিনাইদহ সিভিল সার্জনের সম্মেলন কক্ষে এই সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। জেলার ছয়টি উপজেলার ৬৮টি ইউনিয়ন ও ৫টি পৌরসভার ৯মাস থেকে ১০বছরের কম বয়সী শিশুদের টিকা দেওয়া হবে।

আগামী ১২ ডিসেম্বর থেকে শুরু করে চলবে ২৪ জানুয়ারি ২০২১পর্যন্ত (ছুটির দিন ব্যতিত)। ৩ লাখ ৫৬ হাজার ৩২০ টি শিশুকে এ টিকা দেওয়ার পরিকল্পনা নেওয়া হয়েছে বলে জানান স্বাস্থ্য বিভাগ ।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ঝিনাইদহের সিভিল সার্জন সেলিনা বেগম, স্বাস্থ্য শিক্ষা অফিসার আব্দুর রহমান, ঝিনাইদহ প্রেস ক্লাবের সভাপতি এম রায়হান, সিনিয়র সাংবাদিক বিমল কুমার সাহা, সহ-সম্পাদক কে এম সালেহসহ প্রেস ক্লাবের সাংবাদিকবৃন্দ।

কালীগঞ্জ পৌরসভার নির্বাচনে মেয়র প্রার্থী নিয়ে আওয়ামীলীগে দ্বন্দ্ব

আগামী পৌরসভা নির্বাচনের ২টি ধাপের তফসিল ঘোষণা করা হয়েছে। এরমধ্যে ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভা তালিকায় নেই। কিন্তু আওয়ামী লীগের মেয়র প্রার্থী কে হবেন তা নিয়ে চলছে নানা গুঞ্জন।

প্রার্থিতা নিয়ে প্রকাশ্যে শুরু হয়েছে উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও সাধারণ সম্পাদক দু’গ্রুপের মধ্যে চরম দ্বন্দ্ব। গ্রুপ দু’টির পক্ষ থেকে জেলা কমিটির মাধ্যমে কেন্দ্রে পাঠানো হয়েছে দু’জনের নাম। দীর্ঘদিন দলটির গ্রুপিং ঝিমিয়ে থাকলেও আগামী পৌরসভা নির্বাচনকে কেন্দ্র করে তা এখন চাঙ্গা হয়ে উঠেছে।

উপজেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল মান্নানের পক্ষ থেকে একক প্রার্থী হিসেবে মনোনীত করা হয়েছে তার আপন ভাইয়ের ছেলে সাহেদ কবির লিমনকে।

অন্যদিকে, বর্তমান এমপি সাধারণ সম্পাদক আনোয়ারুল আজীম আনারের পক্ষ থেকে একক প্রার্থী হিসেবে মনোনীত করা হয়েছে বর্তমান মেয়র তার ভাগ্নে আশরাফুল আলম আশরাফকে।

বিষয়টি নিশ্চিত করেছেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু। আওয়ামী লীগের দু’টি গ্রুপই দু’জনকে দলীয় একক প্রার্থী হিসেবে ঘোষণা করেছেন। এ নিয়ে দ্বিধা-দ্বন্দ্বে পড়েছে স্থানীয় আওয়ামী লীগের নেতাকর্মীরা।

কিন্তু কেন্দ্র যাকে নৌকা প্রতীক দিবেন তার পক্ষেই কাজ করবেন বলে জানিয়েছেন স্থানীয় অধিকাংশ নেতাকর্মীরা। গত ৩রা ডিসেম্বর উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবদুল মান্নান স্বাক্ষরিত দলীয় প্যাডে এক প্রেস বিজ্ঞপ্তিতে কালীগঞ্জ পৌর নির্বাচনে একক মেয়র প্রার্থী হিসেবে সাহেদ কবির লিমনের নাম উল্লেখ করেছেন। অন্যদিকে, একই দিন সন্ধ্যায় কালীগঞ্জ পৌর আওয়ামী লীগের জরুরি সভা আহ্বান করা হয়।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের